

## ঈদে আন্তর্জাতিক ফ্লাইটে ২০ শতাংশ পর্যন্ত ছাড় দিচ্ছে ফার্স্ট ট্রিপ

- A Monitor Desk Report

Date: 31 March, 2025



**ঢাকা:** ঈদে গ্রাহকদের আনন্দ বাড়িয়ে দিতে শীর্ষস্থানীয় অনলাইন ট্রাভেল এজেন্সি ফার্স্ট ট্রিপ নিয়ে এসেছে ঈদ ধামাকা অফার। এতে ভ্রমণপ্রেমীরা আন্তর্জাতিক ফ্লাইট বুকিংয়ে ২০ শতাংশ পর্যন্ত ছাড় উপভোগ করতে পারবেন। অফারটি ঈদের আগের ৩ দিন, ঈদের দিন এবং ঈদের পরের দিন পর্যন্ত কার্যকর থাকবে।

এই অফারের আওতায় রয়েছে কাঠমান্ডু, কুয়ালালামপুর, কলম্বো, মালদ্বীপ এবং সিঙ্গাপুরের মতো জনপ্রিয় গন্তব্য। ফার্স্ট ট্রিপের অ্যাপ এবং ওয়েবসাইটে কেবলমাত্র 'FTEID20' কুপন কোড ব্যবহার করলেই এই ছাড় পাওয়া যাবে। অফারটি সীমিত সময়ের জন্য প্রযোজ্য।

ফার্স্ট ট্রিপের মার্কেটিং প্রধান মীর তাজমুল হোসেন বলেন, আমাদের গ্রাহকরা সর্বদা আমাদের প্রিমিয়াম পরিষেবার ওপর আস্থা রাখেন। এই ঈদে আমরা তাদের জন্য বিশেষ ছাড় এনেছি, যেন তারা স্বল্প খরচে শীর্ষস্থানীয় গন্তব্যগুলোতে ভ্রমণ করতে পারেন।

বিস্তারিত তথ্য ও বুকিংয়ের জন্য ভিজিট করুন [www.firsttrip.com](http://www.firsttrip.com)

উল্লেখ্য, ফার্স্ট ট্রিপ একটি শীর্ষস্থানীয় ট্রাভেল টেক কোম্পানি, যা আন্তর্জাতিক ও দেশীয় ফ্লাইট বুকিং, হোটেল রিজার্ভেশন এবং ট্রাভেল প্যাকেজসহ প্রিমিয়াম পরিষেবা প্রদান করে। কাস্টমাইজড পরিষেবা, নিরবচ্ছিন্ন সহায়তা এবং বিশ্বস্ত ব্র্যান্ড হিসেবে ফার্স্ট ট্রিপ গ্রাহকদের জন্য স্বাচ্ছন্দ্যময়, নিরাপদ এবং সশ্রমী ভ্রমণ অভিজ্ঞতা নিশ্চিত করে।

-B